

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি  
পুরাতন বিমানবন্দর সড়ক  
এলেনবাড়ি, তেজগাও, ঢাকা।

নং-৩৫.০৩.০০০০.০১.০১১.০৩৪.১৬-৫২৩৭

তারিখঃ ৩০-১০-২০১৮খ্রিঃ।

অফিস আদেশ

বিষয়: বিআরটিএ'র বর্তমান প্রচলিত ব্যাংকিং সফটওয়্যার ও আইএস সিস্টেমে অনলাইনের মাধ্যমে কার্য সম্পাদনের লক্ষ্যে সহকারি রাজস্ব কর্মকর্তার এপ্রোভাল প্যানেল, ইউজার আইডি এবং পাসওয়ার্ড প্রদান প্রসঙ্গে।

সূত্র : এ অথরিটির স্মারক নং-৩৫.০৩.০০০০.০১.০১১.০৩৪.১৬-৫০৪৪, তারিখঃ ১৫-১২-২০১৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকের মাধ্যমে ইতিপূর্বে গাজীপুর, নারায়ণগঞ্জ, ময়মনসিংহ, টাঙ্গাইল ও কুমিল্লা সার্কেলে কর্মরত সহকারী রাজস্ব কর্মকর্তাগণকে বিআরটিএ'র বর্তমান প্রচলিত ব্যাংকিং সফটওয়্যার ও আইএস সিস্টেমে অনলাইনের মাধ্যমে মোটরযানের রেজিস্ট্রেশন, মালিকানা বদলি, ফিটনেস, রুট পারমিট, ট্যাক্স টোকেন, ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত কার্যক্রমের রাজস্ব আদায় ও অন্যান্য তথ্যাদি সঠিকভাবে যাচাই করার লক্ষ্যে এপ্রোভাল প্যানেল, ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রদানের অনুমোদন দেয়া হয়েছিল।

২। এমতাবস্থায়, বর্তমানে বিআরটিএ'র যে সকল সার্কেলে সহকারী রাজস্ব কর্মকর্তার পদ রয়েছে অথবা সহকারী রাজস্ব কর্মকর্তা পদায়িত/সংযুক্ত আছে অথবা ভবিষ্যতে পদায়িত হলে সে সকল সার্কেলে কর্মরত সহকারী রাজস্ব কর্মকর্তার বিপরীতে ইউজার আইডি, পাসওয়ার্ড এবং এপ্রোভাল প্যানেল প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩। এতে কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

স্বাক্ষরিত/-  
৩০-১০-২০১৮  
শাহ আবদুল তারিক  
(উপসচিব)  
উপপরিচালক(প্রশাসন)  
ফোনঃ ৯১১৪০৮৮।

বিতরণঃ

- ১। ব্যবস্থাপনা পরিচালক, সিএনএস লিঃ, বাড়ী নং-১০৯৮ (ফাস্ট ফ্লোর), রোড-৬/ডি, মিরপুর ডিওএইচএস, ঢাকা-১২২১।
- ২। চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা, টাইগার আইটি বাংলাদেশ লিঃ, রোড-১২, বাসা-১৪৬/এ, বনানী, ঢাকা।

নং-৩৫.০৩.০০০০.০১.০১১.০৩৪.১৬-৫২৩৭/১(২০)

তারিখঃ ৩০-১০-২০১৮খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'লঃ-

- ১। পরিচালক (প্রশাঃ/এনফোর্সমেন্ট/ইঞ্জিঃ/অপারেশন/প্রশিক্ষণ/রোড সেফটি)/সচিব, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।
- ২। উপপরিচালক (অর্থ), বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।
- ৩। উপপরিচালক(ইঞ্জিঃ), বিআরটিএ, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/রংপুর/খুলনা বিভাগীয় কার্যালয়।
- ৪। সহকারী পরিচালক(ইঞ্জিঃ), বিআরটিএ, .....(সংশ্লিষ্ট)।
- ৫। মোঃ শাহজাহান কবির, সহকারী প্রোগ্রামার, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।-(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, ঢাকা।
- ৭। সহকারী রাজস্ব কর্মকর্তা, বিআরটিএ.....(সকল)।
- ৮। অফিস কপি।

শাহ আবদুল তারিক  
(উপসচিব)  
উপপরিচালক(প্রশাসন)  
ফোনঃ ৯১১৪০৮৮।